

# Prime Minister's meeting with Prime Minister of Japan

September 27, 2022

## জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

সেপ্টেম্বর 27, 2022

জাপানের প্রধানমন্ত্রী শ্রী ফুমিও কিশিদার সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। সেদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবের প্রয়াণে প্রধানমন্ত্রী গভীর শোক প্রকাশ করেন এবং প্রাক্তন প্রধানমন্ত্রী আবের ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অবাধ ও উন্মুক্ত বাণিজ্যিক দৃষ্টিভঙ্গী রূপায়ণ এবং ভারত – জাপান সহযোগিতাকে সুদৃঢ় করার কথা স্মরণ করেন।

2. উভয় নেতার মধ্যে ভারত – জাপান দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও সুদৃঢ় করতে গঠনমূলক আলোচনা হয়েছে। আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়। ভারত – জাপান বিশেষ কৌশলগত ও বিশ্ব সহযোগিতাকে আরও মজবুত করতে উভয় নেতাই পুনরায় সংকল্প ব্যক্ত করেন। এছাড়াও, এই অঞ্চলে আন্তর্জাতিক গোষ্ঠী ও প্রতিষ্ঠানগুলির সঙ্গে একযোগে কাজ করার ব্যাপারেও তাঁরা অঙ্গীকার ব্যক্ত করেন।

টোকিও

সেপ্টেম্বর 27, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.